নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA)
ধারা 8 (Section 8) কর্মসূচির আপডেট
মে XX, 2020

বর্তমানে COVID-19 এর আপৎকালীন অবস্থায় NYCHA NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগের (Department of Health and Mental Hygiene, DOHMH) সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করা অব্যাহত রেখেছে যাতে নভেল করোনাভাইরাস (COVID-19) সংক্রান্ত পরিস্থিতির ওপর নজর রাখা যায় এবং নির্বাহী আদেশগুলি মেনে চলা যায়। অধিকন্তু, আমরা মার্কিন যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়ন অধিদফতরের (Department of Housing and Urban Development, HUD) জারি করা সমস্ত নির্দেশনার ওপর নজর রাখছি এবং সেগুলি মেনে চলছি।

যেহেতু আমাদের কর্মী, সম্পত্তির মালিক এবং অংশগ্রহণকারীদের স্বাস্থ্য এবং নিরাপত্তা আমাদের সর্বাধিক অগ্রাধিকারের বিষয়, সিটি আপৎকালীন অবস্থার অধীনে থাকার সময় ওয়াক-ইন সেন্টারগুলি (Walk-in Centers) জনগণের জন্য বন্ধ রাখা হচ্ছে। তবে, (1) অনলাইন অনুরোধ জমা দেওয়া, নথিপত্র জমা দেওয়া এবং (2) স্থিতির আপডেট; এবং (3) সাধারণ মামলা বিষয়ক তথ্যের জন্য ওনার এক্সট্রানেট (Owner Extranet) ও স্বয়ং-পরিষেবা পোর্টাল (Self-Service Portal) পাওয়া যাবে। স্মার্টফোন, ট্যাবলেট অথবা কমপিউটার এর মাধ্যমে ওনার এক্সট্রানেট এবং স্বয়ং-পরিষেবা পোর্টাল-এ প্রবেশাধিকার পাওয়া যায়।

আপনার সুবিধার জন্য আমরা নিচে সাম্প্রতিকতম বিষয়ের একটি সর্বাঙ্গীণ রূপরেখা তৈরি করেছি যাতে ব্যাখ্যা করা হয়েছে কীভাবে ধারা 8 এর প্রক্রিয়াগুলিকে এই সময় পরিচালনা করা হচ্ছে।

যোগ্যতা সাক্ষাৎকার	• আবেদনকারীর যোগ্যতা নির্ণয়কারী সাক্ষাৎকারগুলি ফোনের মাধ্যমে সম্পন্ন করা হবে। • যদি অনুমোদিত হয়, তাহলে স্বয়ং-পরিষেবা পোর্টাল থেকে ভাউচার ডাউনলোড করা যাবে: selfserve.nycha.info • ভাউচার মেয়াদপূর্তির পরে স্বয়ংক্রিয়ভাবেই ভাউচার এর মেয়াদ সম্প্রসারণ করা যাবে।
উচ্ছেদ	• এই সময় অর্থ পরিশোধ না করার কারণে NYCHA উচ্ছেদের ভিত্তিমূলক কোনও শংসাপত্র প্রদান অনুমোদন করবে না। অগস্ট 20, 2020 অথবা তার আশেপাশে পর্যালোচনা শুরু হবে।
আবাসন সংক্রান্ত গুণমান (Housing Quality Standard, HQS) পরিদর্শন	• NYCHA পুনরায় নোটিশ না দেওয়া পর্যন্ত HQS পরিদর্শন পরিচালনা করছে না। • শুধু জীবনহানির আশঙ্কা নেই এমন অবস্থায় NYCHA প্রাথমিক পরিদর্শন (যেমন নতুন ভাড়া, হস্তান্তর এবং পুনঃসংস্কার) এবং প্রাথমিক পরিদর্শন যা প্রথমে ব্যর্থ হয়েছিল, তার জন্য মালিককে প্রদত্ত শংসাপত্র গ্রহণ করবে। • পুনরায় বিজ্ঞপ্তি না দেওয়া পর্যন্ত জীবনহানির ("24 ঘন্টা) ঝুঁকি আছে এমন HQS লঙ্ঘনের জন্য সম্পূর্ণ করা মেরামতের যথার্থতা যাচাইয়ের জন্য NYCHA একটি বিকল্প পথ সাময়িকভাবে গ্রহণ করবে। • জীবনহানির ঝুঁকি নেই এমন HQS লঙ্ঘনগুলির জন্য সাময়িক বন্ধ রাখার সময়কাল পুনরায় বিজ্ঞপ্তি না দেওয়া পর্যন্ত সম্প্রসারণ করা হয়েছে। HQS এর সাময়িক কর্মসূচির পরিবর্তনের ব্যাপারে প্রায়শ জিজ্ঞাস্য প্রশ্নাবলী (FAQ) দেখুন প্রায়শ জিজ্ঞাস্য প্রশ্নাবলীর উত্তরের জন্য (https://eapps.nycha.info/Owners/Docs/COVID-19/HQS-Program-Update-FAQs-for-Owners-FINAL.pdf)।
অনানুষ্ঠানিক সম্মেলন	• অনানুষ্ঠানিক সম্মেলনগুলি ফোনের মাধ্যমে সম্পন্ন করা হবে।
লিজ্ নবায়ন এবং চুক্তিমূলক ভাড়ার পরিবর্তনগুলি	• ওনার এক্সট্রানেট এর মাধ্যমে জমা দেওয়া গৃহীত হবে, মেইল (ঠিকানা নিচে তালিকাভুক্ত), এবং ই-মেইল lrinfo@nycha.nyc.gov।

মালিকানার পরিবর্তন	• মালিকানার পরিবর্তনগুলি, যার অন্তর্ভুক্ত হল ঠিকানা এবং ডাইরেক্ট ডিপোজিট এর পরিবর্তন, জমা দেওয়া যায় ওনার এক্সট্রানেট এর মাধ্যমে, ডাকযোগে (ঠিকানা নিচে তালিকাভুক্ত), 1-866-794-0744 নম্বরে ফ্যাক্স করে এবং s8.vcu@nycha.nyc.gov ঠিকানায় ই-মেইল করে।
যুক্তিসম্মত বাসস্থান	• যুক্তিসম্মত বাসস্থানের অনুরোধ করা যায় স্বয়ং-পরিষেবা পোর্টাল এর মাধ্যমে (selfserve.nycha.info)। • NYCHA সমস্ত অংশগ্রহণকারীদের যুক্তিসম্মত বাসস্থানের অনুরোধ পর্যালোচনার লক্ষ্যে প্রয়োজনীয় অতিরিক্ত নথিপত্র জমা দেওয়ার জন্য অতিরিক্ত 30 দিন সময় দিয়েছে। • NYCHA প্রয়োজন অনুসারে অন্যান্য বাসস্থান দেবে সমর্থনকারী নথিপত্র সংগ্রহের জন্য সময় আরও বাড়িয়ে দিয়ে অথবা ই-মেইল অথবা টেলিফোনের মাধ্যমে সমর্থনকারী নথিপত্র পাওয়ার জন্য। • প্রক্রিয়াকরণ ত্বরান্বিত করতে সাহায্যের জন্য নিম্নলিখিত বাসস্থানের জন্য NYCHA কোনও সমর্থনকারী নথিপত্র দাবি করবে না: ভাউচার এক্সটেনশান এবং 5-বরো অথবা পোর্টেবিলিটি ট্রান্সফারগুলির জন্য অনুরোধ (লিজ্ দেওয়ার তারিখের 10 মাসের অধিক পরে)।
পুনঃপ্রত্যয়ন	• স্বয়ং-পরিষেবা পোর্টাল এর মাধ্যমে আয়ের ক্ষতি সম্পর্কে জানানো যাবে (selfserve.nycha.info) অথবা বার্ষিক পর্যালোচনা (AOI) নথির জন্য নিচে উল্লেখিত পি.ও. বক্স-এর মাধ্যমে জানানো যাবে। • মাইনের স্লিপ এবং/অথবা নিয়োগকর্তার চিঠি না থাকলে NYCHA আয়ের স্বয়ং-প্রত্যয়ন গ্রহণ করবে। • যে বার্ষিক ও অন্তর্বর্তী পুনঃপ্রত্যয়নগুলির (Annual and Interim Recertifications) পরিণামে ভাড়াটের ভাড়ার অংশ বৃদ্ধি পায় সেগুলি পরবর্তী একটি কার্যকর তারিখে প্রক্রিয়া করা হবে। এটা এই সময়কালে পরিবারগুলির ভাড়া অবিলম্বে বেড়ে যাওয়া প্রতিরোধ করবে।
ভাড়া স্থানান্তরের নথিপত্র	• ভাড়ার প্যাকেজগুলি ডাকযোগে (ঠিকানা নিচে তালিকাভুক্ত) অথবা s8.rtu@nycha.nyc.gov ঠিকানায় ই-মেইল এর মাধ্যমে গ্রহণ করা হবে। • NYCHA পারিবারিক একত্রীকরণ কর্মসূচির (Family Unification Program, FUP) ক্ষেত্রে 26 বছর বয়স পর্যন্ত যুবক-যুবতীদের জন্য ভাড়া প্যাকেজ গ্রহণ করবে।
পুনঃসংস্কারের অনুরোধ	• NYCHA পুনঃসংস্কারের অনুরোধগুলির প্রক্রিয়াকরণ করে চলবে। ই-মেইল এর মাধ্যমে অনুরোধ পাঠানো যাবে এই ঠিকানায়: S8.info@nycha.nyc.gov
স্থানান্তরের অনুরোধ	• স্থানান্তরের অনুরোধগুলি প্রক্রিয়া করা হচ্ছে। তবে ডাকযোগে ট্র্যান্সফার ভাউচারগুলি পেতে দেরি হবে। যদি সম্ভব হয়, অনুগ্রহ করে স্বয়ং-পরিষেবার পোর্টালটি পর্যায়ক্রমে দেখতে থাকুন, যেখানে আপনি ভাউচারগুলি প্রিন্ট করতে পারবেন। • ভাউচার মেয়াদপূর্তির পরে স্বয়ংক্রিয়ভাবেই ভাউচার এর মেয়াদ সম্প্রসারণ করা যাবে।
সমাপ্তি ঘটানো	• সিটি আপৎকালীন অবস্থার অধীনে থাকার সময় কমপক্ষে 60 দিনের জন্য সমাপ্তির পদক্ষেপগুলি স্থগিত রাখা হয়েছে। এই সময়সীমাটি প্রয়োজনমত মূল্যায়ন করা হবে। এর অন্তর্ভুক্ত হল বার্ষিক পুনঃপ্রত্যয়ন, পরিদর্শন ও জালিয়াতির সাথে সম্পর্কিত পরিসমাপ্তির পদক্ষেপগুলি।

মন্তব্য: অনুগ্রহ করে এই বিষয়ে সচেতন থাকবেন যে প্রক্রিয়াকরণের সময়ের ক্ষেত্রে দেরি হতে পারে, যার অন্তর্ভুক্ত হল এই আপৎকালীন অবস্থায় নথিপত্র মুদ্রণ এবং ডাকযোগে পাঠানো। অবস্থা বিষয়ে সাম্প্রতিকতম তথ্যের জন্য এবং কোনও প্রয়োজনীয় নথি মুদ্রণের জন্য অনুগ্রহ করে স্বয়ং-পরিষেবা পোর্টাল এবং ওনার এক্সট্রানেট-এ যান।

প্রশ্ন?

পরিদর্শনের ফলাফল, সাময়িক বন্ধ রাখা বিষয়ক অবস্থা, জমা দেওয়া প্রত্যয়ন বিষয়ক অবস্থা এবং আরও অনেক কিছুর জন্য ওনার এক্সট্রানেট দেখুন। জরুরি বিষয়ের জন্য আপনি ই-মেইল এর মাধ্যমে যোগাযোগ করতে পারেন: s8.info@nycha.nyc.gov (অনুগ্রহ করে মনে রাখবেন যে অধিক সংখ্যক ই-মেইল এর কারণে উত্তর দিতে দেরি হতে পারে)।

ইন্টারনেট সংযোগ নেই এমন ধারা 8 অংশগ্রহণকারীদের জন্য ডাকযোগে পাঠানোর বিকল্পগুলি:

বার্ষিক পর্যালোচনা (AOI) নথিপত্র	PO Box 19196 Long Island City, NY 11101-9196
ভাড়া স্থানান্তরের নথিপত্র	PO Box 19199 Long Island City, NY 11101-9199
চিঠি বা প্রশ্ন	PO Box 19201 Long Island City, NY 11101-9201
পোর্টেবিলিটি বা বহনযোগ্যতা সংক্রান্ত নথিপত্র	PO Box 1631 New York, NY 10008-1631